

নাটকের কবি

॥ ফকির ইলিয়াস ॥

নাট্যনক্ষত্র সেলিম আল দীনকে অবনত শ্রদ্ধা

বদলে যাচ্ছে জীবনের বঙ্গল। যুরছে চাকা, দিষ্ট হচ্ছি প্রতিদিন
অযুত সময়ের কাছ রেখে যাচ্ছি যাবতীয় দায়বদ্ধতা। রেখে যেতেই
হয়, উষ্ণ আলিঙ্গনসমূহ চন্দ্র গহীনে। কালের কিস্তি এসে নিখে
নেবে সব প্রিয় নাম, আবার উঠবে জেগে ‘যেবতী কন্যার মন’।

কবিরা মন জাগাতেই আসে। অলিখিত হলফনামায় স্বাক্ষর করে
বলে যায়, মানুষই নমস্চ চিরদিন। কঠিন যতোই হোক, তবু সব
প্রতিকূল ঝড়ের গতি রুখে দিতে পারে মানুষ। পেশি ও দশমে

বদলে যাচ্ছে জীবনের প্রতিকৃতি। আরেক পর্দা এসে ঢেকে দিচ্ছে
কবির মুখ। তিনি কি লোকান্তরিত হচ্ছেন! নাকি নিবাস গড়ছেন
অন্য মনোলোকে যেখানে জীবন থাকে নিদ্রার ঘোরে মহাসুখে।